

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৫৭৯

২৭/ আদব

পরিচ্ছেদঃ বান্দাকে আল্লাহর ভালবাসার নিদর্শনাবলী, এমন নিদর্শন অবলম্বন করার প্রতি উদ্বুদ্ধ করা এবং তা অর্জন করার জন্য প্রয়াসী হওয়ার বিবরণ

আরবী

وَعَن عَائِشَةَ رَضِيَ اللهُ عَنهَا: أَنَّ رَسُوْلَ اللهِ عَلَيْ بَعَثَ رَجُلاً عَلَى سَرِيَّةٍ فَكَانَ يَقْرَأُ لأَصْحَابِهِ في صَلاَتِهِمْ فَيَخْتِمُ بِ قُل هُوَ الله أَحَدٌ فَلَمَّا رَجَعُوا ذَكَرُوا ذلِكَ لِرَسُولِ اللهِ عَلَيْ لأَعْمَا سَلُوهُ لأَيِّ شَيْءٍ يَصِنْعُ ذلِكَ فَسَأَلُوهُ فَقَالَ: لأَنَّهَا صِفَةُ الرَّحْمانِ فَأَنَا أُحِبُّ أَنْ أَقْرَأُ بِهَا فَقَالَ رَسُوْلُ اللهِ عَلَيْ الْحُبِرُوهُ أَنَّ اللهَ تَعَالَى يُحِبُّهُ مُتَّفَقٌ عَلَيهِ

বাংলা

(৩৫৭৯) আয়েশা (রাঃ) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এক সাহাবীকে একটি মুজাহিদ দলের আমীর ক'রে জিহাদে পাঠালেন। তিনি যখন নামাযে ইমামতি করতেন, তখনই (প্রত্যেক রাকআতে সূরা পড়ার পর) 'কুল হুওয়াল্লাহু আহাদ' (সূরা ইখলাস) দিয়ে (কিরাআত) শেষ করতেন। মুজাহিদগণ সেই অভিযান থেকে প্রত্যাবর্তন ক'রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর খিদমতে বিষয়টি আলোচনা করলেন। তিনি বললেন, তাঁকে জিজ্ঞাসা কর, কেন সে এ কাজটি করেছে? সুতরাং তারা তাঁকে জিজ্ঞাসা করলে তিনি উত্তরে বললেন, 'এই সূরাটিতে পরম করুণাময় (আল্লাহ)র গুণাবলী রয়েছে। এই জন্য সূরাটি তেলাঅত করতে আমি ভালবাসি।' তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ''তাকে জানিয়ে দাও যে, আল্লাহু তাআলাও তাকে ভালবাসেন।

ফুটনোট

(বুখারী ৭৩৭৫, মুসলিম ১৯২৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন